

নোবিপ্রবিতে ভর্তি আবেদনের সময় বৃদ্ধি

নোবিপ্রবি প্রতিনিধি

৬ অক্টোবর ২০১৯ ০০:০০ | আপডেট: ৫ অক্টোবর ২০১৯ ২২:৫৮



নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ২০১৯-২০ শিক্ষাবর্ষের ভর্তি আবেদনের সময় বৃদ্ধি করা হয়েছে। বর্ধিত সময় অনুযায়ী ভর্তিচ্ছু শিক্ষার্থীরা আগামী ১৭ অক্টোবর বৃহস্পতিবার রাত ১২টা পর্যন্ত আবেদন করতে পারবেন। এ সময়ের মধ্যে ছুটির দিনগুলোয়ও আবেদন করার সুযোগ পাবেন ভর্তিচ্ছু শিক্ষার্থীরা।

এর আগে ভর্তির আবেদন প্রক্রিয়া শুরু হয় গত ৫ সেপ্টেম্বর। প্রথমবার বেঁধে দেওয়া আবেদনের সময়সীমা অনুযায়ী শেষ সময় ছিল ৪ অক্টোবর রাত ১২টা। সময় বাড়ানোর বিষয়ে বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার প্র. মো. মোমিনুল হক বলেন, ভর্তি পরীক্ষার মাঝে এখনো অনেক সময় আছে। প্রতিবারই প্রয়োজনে আমাদের ভর্তি আবেদনের সময় বাড়ানো হয়। তাই এবারও বাড়ানো হয়েছে। আগামী ১ ও ২ নভেম্বর অনুষ্ঠিত হবে নোবিপ্রবির ভর্তি পরীক্ষা। ভর্তিসংক্রান্ত যে কোনো তথ্য পাওয়া যাবে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অফিসিয়াল ওয়েবসাইট www.nstu.edu.bd তে।